

# সিঙ্গার বাংলাদেশ লিমিটেড

রেজিস্টার্ড অফিস: ৩৯ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০

ফোন: +৮৮০২২২৩৩৮৪৪৩৮, +৮৮০২২২৩৩৮২১০৭, ইমেইল: [iro@singerbd.com](mailto:iro@singerbd.com), ওয়েব: [www.singerbd.com](http://www.singerbd.com)

## অ-দাবীকৃত লভ্যাংশ বিতরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সিঙ্গার বাংলাদেশ লিমিটেড-এর সম্মানিত সদস্য/শেয়ারহোল্ডারগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফলিও হিসাবের বিপরীতে নিবন্ধিত যোগাযোগের ঠিকানা এবং সিডিবিএল-এর বিও হিসাবে প্রদত্ত ব্যাংকের তথ্য যথাযথ না থাকায় ইতিপূর্বে বিলিকৃত কিছু সংখ্যক লভ্যাংশ ফেরত এসেছে যা দীর্ঘদিন যাবৎ অ-দাবীকৃত অবস্থায় বিতরণের জন্য সংরক্ষিত রয়েছে। তাছাড়া ফলিও/কাণ্ডজে শেয়ারের বিপরীতে ইস্যুকৃত বোনাস শেয়ারসমূহ পৃথক সাসপেন্স হিসাবে বিতরণের জন্য সংরক্ষিত রয়েছে।

আলোচ্য অ-দাবীকৃত নগদ লভ্যাংশ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ড) বিধিমালা ২০২১ এবং এতদসংক্রান্ত নির্দেশনা মোতাবেক তিন বছরের অধিক সময়ের অ-দাবীকৃত নগদ লভ্যাংশের অর্থ আগামী ৩০ আগস্ট ২০২১-এর মধ্যে বাংলাদেশ ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ড-এ জমা প্রদান করতে হবে।

সেই প্রেক্ষিতে, সংশ্লিষ্ট সদস্য/শেয়ারহোল্ডারগণকে বাংলাদেশ ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ড-এ প্রদেয় অ-দাবীকৃত লভ্যাংশের তথ্য কোম্পানির ওয়েবসাইট [www.singerbd.com](http://www.singerbd.com)-এর শেয়ারহোল্ডারস ইনফরমেশন অংশে প্রকাশিত তালিকা হতে যাচাই করার জন্য অনুরোধ করা যাচ্ছে। তালিকা অনুযায়ী অ-দাবীকৃত লভ্যাংশ প্রাপ্য হলে দাবীর স্বপক্ষে উপযুক্ত প্রমাণসহ ই-মেইল [iro@singerbd.com](mailto:iro@singerbd.com)-এ ২৯ আগস্ট ২০২১-এর মধ্যে যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। উক্ত তারিখের পর ২০১৭ সাল পর্যন্ত নগদ লভ্যাংশের সমুদয় অংশ নির্দেশনা মোতাবেক ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ড-এ জমা প্রদান করা হবে।

আলোচ্য বিষয়ে জানতে সংশ্লিষ্ট সদস্য/শেয়ারহোল্ডার(গণ) email: [iro@singerbd.com](mailto:iro@singerbd.com) এবং মোবাইল নং: ০১৬১৬-৬৬৭৮০০-এ যোগাযোগ করতে পারেন। বর্তমানে জারিকৃত কঠোর লকডাউন শিথিল করার পর কোম্পানির রেজিস্টার্ড অফিসে যোগাযোগ করা যেতে পারে।

উল্লেখ্য, উক্ত তারিখের মধ্যে অ-দাবীকৃত লভ্যাংশ বুঝে না নিলে পরবর্তীতে ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ড থেকে বুঝে নিতে হবে।

সিঙ্গার বাংলাদেশ লিমিটেড-এর পক্ষে

কাজী আশিকুর রহমান  
কোম্পানি সচিব (অ্যাকাটিং)  
২৯ জুলাই ২০২১

রেজিস্টার্ড অফিস  
৩৯ দিলকুশা বা/এ, ঢাকা ১০০০

**SINGER®**  
TRUSTED INTERNATIONAL BRAND